# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৩.০০.১০৭.২০. ৭০৮৮ তারিখ: ০৮ জুলাই, ২০২৪

বিষয়: "আমার গ্রাম-আমার শহর: পাইলট গ্রাম উন্নয়ন প্রকল্প" এর আওতায় প্রকল্পভুক্ত গ্রামসমূহে মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণসহ বিআরডিবি'র কার্যাদিভূক্ত অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা প্রদান।

সূত্র: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর স্মারক নং-৪৬.০২.০০০০.৬৮৬.১৮.০০১.২৩-১৬৩ তারিখ: ২৯/০৪/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক যৌথভাবে বাস্তবায়নাধীন "আমার গ্রাম-আমার শহর: পাইলট গ্রাম উন্নয়ন প্রকল্প" বিগত জুলাই, ২০২৩ হতে জুন, ২০২৬ মেয়াদে দেশের ৮টি বিভাগের ৮টি উপজেলার ৮টি গ্রাম এবং ৭টি বিশেষ অঞ্চলের (হাওর, চর, পার্বত্য, উপকূল, বরেন্দ্র, মধ্যাঞ্চলের বিল এবং অর্থনৈতিক অঞ্চল সংলগ্ন) ৭টি উপজেলার ৭টি গ্রাম মোট ১৫টি পাইলট গ্রামে বাস্তবায়িত হচ্ছে (তালিকা সংযুক্ত)। উক্ত প্রকল্প কার্যক্রমের অংশ হিসেবে বর্ণিত গ্রামসমূহে বিআরডিবি মানব সম্পদ উন্নয়নে নিজেদের ক্ষেত্রভূক্ত কার্যক্রম বাস্তবায়ন করছে। প্রকল্পের ডিপিপি অনুযায়ী বিআরডিবি থেকে ০১ (এক) জন সহকারী পরিচালক-কে প্রকল্প সদর দপ্তরে প্রেষণে নিযুক্ত করা হয়েছে; যিনি প্রকল্প এলাকায় বিআরডিবি'র উপপরিচালক এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সাথে সমন্বয় করে প্রকল্পের মাঠ পর্যায়ের নিজেদের ক্ষেত্রভূক্ত কার্যক্রম নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন।

২। এমতাবস্থায়, প্রকল্প কার্যক্রমের অংশ হিসেবে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ১৫টি পাইলট গ্রামসমূহে বসবাসকারী জনগোষ্ঠীর (বেকার যুবক, পুরুষ, মহিলা ও অন্যান্য) নির্ধারিত জরিপ/তথ্য সংগ্রহ ফরম অনুযায়ী তথ্য সংগ্রহ এবং প্রশিক্ষণ কার্যক্রমসহ বিআরডিবি'র কার্যাদিভুক্ত অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: আমার গ্রাম-আমার শহর: পাইলট গ্রাম উন্নয়ন প্রকল্পভূক্ত গ্রামসমূহের তালিকা।

০৮/৭/২৪


আঃ গাফ্‌ফার খান

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: ০২-৪১০১০৩২০

ইমেইল: dg@brdb.gov.bd


১। উপপরিচালক (সংশ্লিষ্ট), বিআরডিবি...................................জেলা।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট), বিআরডিবি,..........................., উপজেলা, ..................জেলা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৩.০০.১০৭.২০. ৭০৮৮ তারিখ: ০৮ জুলাই, ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রকল্প পরিচালক, "আমার গ্রাম-আমার শহর: পাইলট গ্রাম উন্নয়ন প্রকল্প" আগারগাঁও, ঢাকা।

২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। প্রধান প্রকৌশলী এর একান্ত সচিব, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

08.07.24


আক্কাছ আলী

উপপরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৪১০১০৩২৮

'আমার গ্রাম-আমার শহর: পাইলট গ্রাম উন্নয়ন প্রকল্প' দেশের ৮টি বিভাগের ৮টি উপজেলার ৮টি গ্রাম এবং ৭টি বিশেষ অঞ্চলের (হাওর, চর, পার্বত্য, উপকূল, বরেন্দ্র, মধ্যাঞ্চলের বিল এবং অর্থনৈতিক অঞ্চল সংলগ্ন) ৭টি উপজেলার ৭টি গ্রাম মোট ১৫টি গ্রামের তালিকা:

ক. ৮টি বিভাগের নির্বাচিত ৮টি গ্রামের তালিকা:

| ক্র.নং | বিভাগের নাম | নির্বাচিত গ্রামের ঠিকানা |
|---|---|---|
| ১. | ঢাকা বিভাগ | গ্রাম: হাফিজপুর, ইউনিয়ন: চালাকচর<br>উপজেলা: মনোহরদী, জেলা: নরসিংদী |
| ২. | চট্টগ্রাম বিভাগ | গ্রাম: শেকচাইল, ইউনিয়ন: বিপুলসার<br>উপজেলা: মনোহরগঞ্জ, জেলা: কুমিল্লা |
| ৩. | খুলনা বিভাগ | গ্রাম: টিপনা, ইউনিয়ন: খুরনিয়া<br>উপজেলা: ডুমুরিয়া, জেলা: খুলনা |
| ৪. | ময়মনসিংহ বিভাগ | গ্রাম: ডেমুরা, ইউনিয়ন: সাহতা<br>উপজেলা: বারহাট্টা, জেলা: নেত্রকোনা |
| ৫. | রাজশাহী বিভাগ | গ্রাম: সোনাডাঙ্গা, ইউনিয়ন: সোনাডাঙ্গা<br>উপজেলা: বাগমারা, জেলা: রাজশাহী |
| ৬. | রংপুর বিভাগ | গ্রাম: পাথরডুবি, ইউনিয়ন: পাথরডুবি<br>উপজেলা: ভুরুঙ্গামারী, জেলা: কুড়িগ্রাম |
| ৭. | বরিশাল বিভাগ | গ্রাম: ইন্দুরিয়, ইউনিয়ন: মেমোনিয়া<br>উপজেলা: হিজলা, জেলা: বরিশাল |
| ৮. | সিলেট বিভাগ | গ্রাম: বাগাইয়া, ইউনিয়ন: রুস্তমপুর<br>উপজেলা: গোয়াইনঘাট, জেলা: সিলেট |

খ. জলবায়ু ও প্রতিবেশগত বৈশিষ্ট্যপূর্ণ ০৭টি নির্বাচিত গ্রামের তালিকা:

| ক্র.নং | বৈশিষ্ট্যপূর্ণ অঞ্চল | নির্বাচিত গ্রামের ঠিকানা | বিভাগের নাম |
|---|---|---|---|
| ১. | হাওর অঞ্চল | গ্রাম: শিমুলবাক, ইউনিয়ন: শিমুলবাক<br>উপজেলা: শান্তিগঞ্জ, জেলা: সুনামগঞ্জ | সিলেট বিভাগ |
| ২. | পার্বত্য অঞ্চল | গ্রাম: ছোট হরিণা, ইউনিয়ন: ভূষণছড়া<br>উপজেলা: বরকল, জেলা: রাঙ্গামাটি | চট্টগ্রাম বিভাগ |
| ৩. | বরেন্দ্র অঞ্চল | গ্রাম: খোরদোচম্পা, ইউনিয়ন: হাজীনগর<br>উপজেলা: নিয়ামতপুর, জেলা: নওগাঁ | রাজশাহী বিভাগ |
| ৪. | চরাঞ্চল | গ্রাম: ফুলছড়ি, ইউনিয়ন: ফুলছড়ি<br>উপজেলা: ফুলছড়ি, জেলা: গাইবান্দা | রংপুর বিভাগ |
| ৫. | বিল অঞ্চল | গ্রাম: বিলচান্দা, ইউনিয়ন: জলিরপাড়<br>উপজেলা: মুকসুদপুর, জেলা: গোপালগঞ্জ | ঢাকা বিভাগ |
| ৬. | উপকূল/দ্বীপ অঞ্চল | গ্রাম: দাতিনাখালী, ইউনিয়ন: বুড়িগোয়ালিনী<br>উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা | খুলনা বিভাগ |
| ৭. | অর্থনৈতিক অঞ্চল | গ্রাম: চরশরত, ইউনিয়ন: ইছাখালী<br>উপজেলা: মীরসরাই, জেলা: চট্টগ্রাম | চট্টগ্রাম বিভাগ |

04.07.24

আক্কাছ আলী
উপপরিচালক (প্রশাসন)
বিআরডিবি, ঢাকা।